

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৭৬ ৪/ আন্তরিক কর্মাবলী পরিচ্ছেদঃ কান্না করার হাদীসসমূহ

আরবী

عَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ :كُنْتُ أَدْعُو أُمِّى إِلَى الإِسْلاَمِ وَهِى مُشْرِكَةٌ فَدَعَوْتُهَا يَوْمًا فَأَسْمَعَتْنِى فِي رَسُولِ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَكْرَهُ فَأَتَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مَا أَكْرَهُ فَأَتَيْتُ رَسُولَ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلْتُ يَا رَسُولَ اللهِ إِنِّى كُنْتُ أَدْعُو أُمِّى إِلَى الإِسْلاَمِ فَتَأْبَى عَلَىَّ فَدَعَوْتُهَا الْيَوْمَ وَأَنَا أَبْكِى قُلْتُ يَا رَسُولَ اللهِ إِنِّى كُنْتُ أَدْعُو أُمِّى إِلَى الإِسْلاَمِ فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ فَالسَّمَعَتْنِى فِيكَ مَا أَكْرَهُ فَادْعُ اللهَ أَنْ يَهْدِى أُمَّ أَبِي هُرَيْرَةَ فَقَالَ رَسُولُ اللهِ صَلَّى اللهُ عَلَيْهِ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَلَمَّا جَبِّتُ فَصَرِرْتُ إِلَى الْبَابِ فَإِذَا هُو مُجَافٌ فَسَمِعَتْ أُمِّى خَشْفَ قَدَمَى فَقَالَتْ مَكَانَكَ يَا أَبَا هُرَيْرَةَ وَسَمِعْتُ أَنِي الْبَابِ فَإِذَا هُو مُجَافٌ فَسَمِعَتْ أُمِّى خَشْفَ قَدَمَى فَقَالَتْ مَكَانَكَ يَا أَبَا هُرَيْرَةَ وَسَمِعْتُ أَنِي الْبَابِ فَإِنَا هُو مُجَافٌ فَسَمِعَتْ أُمِّى خَشْفَ قَدَمَى فَقَالَتْ مَكَانَكَ يَا أَبَا هُرَيْرَةَ وَسَمِعْتُ أَلْمَاءِ قَالَ لِ فَاعْتَسَلَتْ وَلَبِسَتْ درْعَهَا وَعَجِلِتُ مُكَانَكَ يَا أَبَا هُرَيْرَةَ وَسَمِعْتُ أُمَّ أَلِي اللهُ وَأَشَافُهُ وَأَنَا عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ وَأَنَا عَرْدَا اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ وَهُمَ اللهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ وَأَنَا هُورَا اللهِ مَنْ الْفُرَحِ قَالَ لَا هُ وَلَاللهُ وَأَنْنَا عَلَيْهِ وَسَلَّمَ فَأَتَيْتُهُ وَأَنَا هُورَسُولُ اللهُ وَأَنْنَا وَلَاكُ وَهُدَى أَنْ اللهُ وَعُولَكَ وَهَدَى أَلْهُ وَقَالَ حَيْرًا

বাংলা

(৩৭৬) আবৃ হুরাইরা (রাঃ) বলেন, আমি আম্মাকে ইসলামের দাওয়াত দিতাম, যখন তিনি মুশরিকা ছিলেন। একদিন দাওয়াত দিলে আম্মা রেগে উঠে আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সম্বন্ধে অপ্রিয় কথা শুনালেন। আমি কেঁদে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বললাম, হে আল্লাহর রসূল! আমি আমার আম্মাকে ইসলামের দাওয়াত দিতাম, তিনি আমার দাওয়াত অগ্রাহ্য করতেন। আজ আমি তাঁকে দাওয়াত দিলে তিনি আমাকে আপনার ব্যাপারে অপ্রিয় কথা শুনিয়ে দিলেন। সুতরাং আপনি তাঁর জন্য দু'আ করুন, যাতে আল্লাহ আবৃ হুরাইরার আম্মাকে হিদায়াত করেন। অতএব আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'আ করে বললেন, হে আল্লাহ! তুমি আবৃ হুরাইরার আম্মাকে হিদায়াত কর।

অতঃপর আমি আল্লাহর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দু'আর মাঝে সুসংবাদ নিয়ে বাসায় ফিরে গিয়ে



দেখলাম, দরজা বন্ধ আছে। আম্মা আমার পায়ের শব্দ শুনতে পেয়ে বললেন, আবূ হুরাইরা থামো! আমি শুনতে পেলাম, পানি পড়ার শব্দ হচ্ছে। সুতরাং তিনি গোসল করে জামা পরে মাথায় ওড়না না নিয়েই দরজা খুললেন। অতঃপর বললেন, 'আবূ হুরাইরা! আশহাদু আল লা- ইলাহা ইল্লাল্লাহ, অআশহাদু আলা মুহাম্মাদান আবদুহু অরাসূলুহ।' সুতরাং আমি কাল বিলম্ব না করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে ফিরে গিয়ে খুশীতে কাঁদতে কাঁদতে বললাম, হে আল্লাহর রসূল! সুসংবাদ নিন, আল্লাহ আপনার দু'আ কবুল করেছেন এবং আবূ হুরাইরার আম্মাকে হিদায়াত করেছেন! এ খবর শুনে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর প্রশংসা করলেন এবং উত্তম কথা বললেন।

ফুটনোট

(আহমাদ ৮২৫৯, মুসলিম ৮২৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন